

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
[www.supremecourt.gov.bd](http://www.supremecourt.gov.bd)

বিজ্ঞপ্তি নং-৫৩০

-জি,

তারিখঃ ২৩ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ  
০৮ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ- মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ৩ (তিন) জন মাননীয় বিচারক-কে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের বিচারক হিসেবে নিয়োগের প্রেক্ষিতে তাঁদের শপথ গ্রহণ সংক্রান্ত।

মহামান্য রাষ্ট্রপতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৫(১)-এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বিচারক ১। বিচারপতি জিনাত আরা ২। বিচারপতি জনাব আবু বকর সিদ্দিকী এবং ৩। বিচারপতি জনাব মোঃ নূরুজ্জামান-কে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের বিচারক হিসেবে নিয়োগ প্রদান করেছেন। তাঁদের উক্ত নিয়োগের বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ কর্তৃক ২৩ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ, ০৮ অক্টোবর ২০১৮ খ্রি. তারিখের ১০.০০.০০০০.১২৮.১১.০০২.১৮-৫০৬ নম্বর প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

২। আগামী ২৪ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ, ০৯ অক্টোবর ২০১৮ খ্রি. রোজ মঙ্গলবার সকাল ১০:৩০ ঘটিকায় বাংলাদেশ সুপ্রীম কোর্টের জাজেস লাউঞ্জে নব নিয়োগকৃত মাননীয় বিচারকগণকে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি শপথ পাঠ করাবেন।

বিনীত

১৫/১

(ড. মোঃ জাকির হোসেন)  
রেজিস্ট্রার জেনারেল।


স্মারক নং-৭৬১২ (৪)

-জি,

তারিখঃ ২৩ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ  
০৮ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মাননীয় অ্যাটার্নি জেনারেল, বাংলাদেশ।
- ২। সভাপতি, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
- ৩। সেক্রেটারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
- ৪। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা। [ওয়েব সাইটে প্রচারের জন্য]
- ৬। কোর্ট অফিসার, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৭। কোর্ট অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।



(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)  
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)

ফোনঃ ৯৫৬৬৮২৬ (অফিস)।

ই-মেইল: [aktar.dr@supremecourt.gov.bd](mailto:aktar.dr@supremecourt.gov.bd)